

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫

১/ পবিত্রতা অর্জন (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৭. পেশাব-পায়খানায় সময় কথা বলা মাকরূহ

باب كَرَاهِيَةِ الْكَلَامِ عِنْدَ الْحَاجَةِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ بْنِ مَيْسَرَةَ، حَدَّثَنَا ابْنُ مَهْدِيّ، حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ، عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ، عَنْ هِلَالِ بْنِ عِيَاضٍ، قَالَ حَدَّثَنِي أَبُو سَعِيدٍ، قَالَ: سَمِعْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَقُولُ: " لَا يَخْرُجُ الرَّجُلَانِ يَضْرِبَانِ الْغَائِطَ كَاشِفَيْنِ عَنْ عَوْرَتِهِمَا يَتَحَدَّثَانِ فَإِنَّ اللهَ عَزَّ وَجَلَّ يَمْقُتُ عَلَى ذَلِكَ " . قَالَ أَبُو دَاوُدَ هَذَا لَمْ يُسْنِدْهُ إِلَّا عِكْرِمَةُ بْنُ عَمَّارِ . عَمَّارِ . عَمَّارِ .

_ ضعیف

বাংলা

১৫। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছিঃ দুই ব্যক্তি একই সঙ্গে পেশাব-পায়খানায় জন্য বের হবে না এবং আপন লজ্জাস্থান উন্মুক্ত করে কথাবার্তা বলবে না। কারণ এরূপ কাজে মহাসম্মানিত আল্লাহ অসম্ভুষ্ট হন।[1]

আবূ দাউদ (রহঃ) বলেন, ইকরিমাহ ইবনু আম্মারই সানাদসহ বর্ণনা করেছেন।

দুর্বল।

English

Narrated AbuSa'id al-Khudri:

I heard the Messenger of Allah (ﷺ) say: When two persons go together for relieving themselves uncovering their private parts and talking together, Allah, the Great and Majestic, becomes wrathful at this (action).



Abu Dawud said: This tradition has been narrated only by 'Ikrimah b. 'Ammar.

ফুটনোট

[1] ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা ও তার পন্থানসমূহ, অনুঃ একত্রে বসে পায়খানা করা এবং এ সময় পরস্পর কথাবার্তা বলা, হাঃ ৩৪২), আহমাদ (৩/৩৬), বায়হাকী 'সুনানুল কুবরা' (১/১০০), হাকিম (১/১৭৫), সহীহ ইবনু খুয়াইমাহ (১/৩৯, হাঃ ৭১) সহীহ ইবনু হিববান (১/২১৯, ১৩৭)। এর সানাদ দুর্বল। এতে ইয়তিরাব (উলটপালট) ঘটেছে। ইবনু হিববান 'আস-সিকাত' গ্রন্থে বলেনঃ ইয়াহইয়া ইবনু কাসীর সূত্রে 'ইকরিমাহ ইবনু 'আম্মারের বর্ণনায় ইয়তিরাব ঘটেছে।

ইমাম যাহাবী 'আল-মিযান' গ্রন্থে (৩/৩০৭) বলেনঃ আবৃ সাঈদ সূত্রে ইয়ায ইবনু হিলাল অথবা হিলাল ইবনু ইয়ায রয়েছে। তাকে চেনা যায়নি। তার সূত্রে ইয়াহইয়া ইবনু কাসীর ছাড়া কেউ বর্ণনা করেছেন বলে আমি অবহিত নই। আওনুল মা'বুদে রয়েছেঃ সনদের ইকরিমাহ ইবনু 'আম্মারকে ইবনু মাঈন ও আযদী নির্ভরযোগ্য বলেছেন এবং ইমাম বুখারী, আহমাদ ও নাসায়ী ইয়াহইয়া ইবনু কাসীর সূত্রে তার বর্ণনার সমালোচনা করেছেন।

হাদীস থেকে শিক্ষাঃ

🕽 । লজ্জাস্থান ঢেকে রাখা ওয়াজিব।

২। পেশাব-পায়খানার সময় পরস্পর কথাপকথনে আল্লাহর ক্রোধাম্বিত হওয়া প্রমাণিত করে যে, এ সময় কথাবার্তা বলা হারাম।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ খুদরী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন